# মডেল টেস্ট— ১৪

## বিষয় : বাংলা

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**নিচের কবিতাংশ পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

শহরের পাতি কাক ডাকে ঝাঁকে ঝাঁকে
ঘুম দেয়া মুশকিল হর্নের হাঁকে।
সিডি চলে, টিভি চলে, বাজে টেলিফোন
দরজায় বেল বাজে, কান পেতে শোন।
গলিপথে ফেরিঅলা হাঁকে আর হাঁটে
ছোটদের হইচই ইশকুল মাঠে।
পল্লির সেই সুরে ভরে যায় মন
শহুরে জীবন জ্বালা— শব্দদূষণ।

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

(i) কবিতাংশটিতে কী সম্পর্কে বলা হয়েছে?
ⓚ পানিদূষণ ⓚ বায়ুদূষণ
ⓖ পরিবেশ ⓖ শব্দদূষণ

(ii) শহরের গলিপথে কে হাঁটে?
ⓚ ফেরিঅলা ⓚ কাবুলিঅলা
ⓖ মুটে ⓖ সবজিঅলা

(iii) কোনটি থেকে শব্দদূষণ হয়?
ⓚ বিদ্যালয়ে পাঠদান ⓚ বিতর্ক প্রতিযোগিতা
ⓖ সহপাঠীর সাথে কথা বলা ⓖ ফেরিঅলার হাঁক

(iv) শহরের বাড়িতে কী কী চলে?
ⓚ সিডি, টিভি ⓚ রেডিও, টিভি
ⓖ টিভি, ভিসিআর ⓖ গ্রামোফোন, রেডিও

(v) শহরের রাস্তায় বেশি শব্দদূষণ ঘটায় কোনটি?
ⓚ গাড়ির চাকা ⓚ গাড়ির হর্ন
ⓖ মানুষের পায়ের শব্দ ⓖ ফেরিঅলা

২। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ : ১+২+২ = ৫

(ক) শহরে কিসের ডাক শোনা যায়?

(খ) ফেরিঅলা কারা? তারা কীভাবে শব্দদূষণ ঘটান?

(গ) এদেশের শহরে কী শোনা যায়? এখানকার জীবন জ্বালাময় কেন?

http://teachingbd.com

৩। প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ। ১ × ৫ = ৫

(ক) শব্দদূষণ; (খ) ফেরিঅলা; (গ) পল্লি; (ঘ) মুশকিল; (ঙ) হাঁকে।

৪। প্রদত্ত কবিতাংশটির মূলভাব লেখ : ৫

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ ও ৭ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

১৯৭১ সালের ৭ই মার্চ বঙ্গবন্ধু বিশাল এক জনসভায় স্বাধীনতার ডাক দেন। গোটা পূর্ব পাকিস্তান অনেকটা স্থবির হয়ে পড়ে। ২৫এ মার্চ রাতে বর্বর পাকিস্তানি হানাদার বাহিনী আমাদের উপর ঝাঁপিয়ে পড়ে। ঢাকাসহ সারাদেশে চালায় নির্মম গণহত্যা। বাঙালিরাও অস্ত্র হাতে তুলে নেয়। শুরু হয় মহান মুক্তিযুদ্ধ। ছাত্রশিক্ষক, কৃষক, শ্রমিক, কামার, কুমার, চাকরিজীবী সবাই লড়াইয়ে নেমে যায়। মুক্তিযোদ্ধারা নানা গুপ্ত স্থান থেকে গেরিলা হামলা চালায় পাকিস্তানি সেনাদের বিরুদ্ধে। অবশেষে ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর জেনারেল নিয়াজী তিরানব্বই হাজার পাকিস্তানি সৈন্য নিয়ে আত্মসমর্পণ করেন। আমরা অর্জন করি চূড়ান্ত বিজয়। লক্ষ প্রাণের বিনিময়ে স্বাধীনতা লাভ করি আমরা। মুক্তিযুদ্ধের শহিদেরা এদেশের স্বাধীনতার মূল স্তম্ভ। মুক্তিযোদ্ধারা আমাদের গর্ব।

৫। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

(i) অনুচ্ছেদটিতে কোন বিষয় সম্পর্কে বলা হয়েছে?

ⓚ বাঙালির স্বাধীনতা প্রত্যাশা ⓚ রাজাকারদের নৃশংসতা

(ক) বাঙালির স্বাধীনতা প্রত্যাশা (খ) রাজাকারদের নৃশংসতা

(গ) বাঙালির স্বাধীনতা অর্জন (ঘ) উনসত্তরের গণঅভ্যুত্থান

(ii) স্বাধীন হওয়ার পূর্বে বাংলাদেশের নাম কী ছিল?

(ক) বঙ্গদেশ (খ) পূর্ব পাকিস্তান

(গ) পূর্ব বাংলা (ঘ) পূর্ব বঙ্গ

(iii) বঙ্গবন্ধু ১৯৭১ সালের কত তারিখে ঐতিহাসিক ভাষণ দেন?

(ক) ৩রা মার্চ (খ) ৭ই মার্চ

(গ) ৯ই মার্চ (ঘ) ১৪ই মার্চ

(iv) 'স্থবির' বলতে এখানে কী বোঝানো হয়েছে?

(ক) সব নিশ্চিহ্ন হয়ে যায় (খ) সব এলোমেলো হয়ে যায়

(গ) কাজকর্ম বন্ধ হয়ে যায় (ঘ) সব বাতিল হয়ে যায়

(v) 'গণহত্যা' বলতে কী বোঝায়?

(ক) বিনা দোষে অসংখ্য মানুষকে হত্যা

(খ) বিদ্রোহীদের যুদ্ধের মাঠে হত্যা

http://teachingbd.com

(গ) অপরাধীদের বিচার না করে হত্যা

(ঘ) দোষী-নির্দোষ সবাইকে হত্যা

৬। নিচে কয়েকটি শব্দ এবং শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বসিয়ে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ কর : ১ × ৫ = ৫

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| বঙ্গবন্ধু | শেখ মুজিবুর রহমানের উপাধি। |
| বাঙালি | বাংলাদেশের অধিবাসী, জাতি বিশেষ। |
| স্থবির | যা স্থির হয়ে আছে। |
| চূড়ান্ত | সর্বশেষ। |
| ১৯৭১ | সাল বিশেষ, বাঙালি জাতির জন্য এ সালটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। |
| নির্মম | নিষ্ঠুর, মমতাহীন। |

(ক) করিম সাহেবের মৃত্যুতে তার পরিবার ——— হয়ে পড়ে।

(খ) মহান মুক্তিযুদ্ধ সংঘটিত হয় ——— সালে।

(গ) মুক্তিযোদ্ধারা ছিলেন ——— জাতির সন্তান।

(ঘ) ——— আমাদের স্বাধীনতার স্থপতি।

(ঙ) পাকিস্তানি সৈন্যরা সারাদেশে ——— গণহত্যা চালায়।

৭। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : ৫ × ৩ = ১৫

(ক) ৭ই মার্চ বিখ্যাত কেন? পাঁচটি বাক্যে লেখ।

(খ) শহিদ কারা? মুক্তিযুদ্ধের শহিদেরা জাতির গর্ব কেন? চারটি বাক্যে লেখ।

(গ) গেরিলা হামলা বলতে কী বোঝায়? পাঁচটি বাক্যে লেখ।

৮। নিচের যুক্তবর্ণগুলো ভেঙে দেখাও এবং বাক্যে প্রয়োগ কর : ২×৫=১০

(ক) জ্ঞ; (খ) স্প; (গ) স্ত; (ঘ) ন্ত; (ঙ) র্ব।

৯। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ : ৫

আবদুর রউফ নিজেই দায়িত্ব নিলেন নিজের জীবন দিয়ে সবাইকে রক্ষা করার হালকা একটা মেশিনগান হাতে তুলে নিয়ে গুলি ছুড়ে শত্রুদের রুখে দিতে থাকলেন সহযোদ্ধাদের বললেন নিরাপদে সরে যেতে মুক্তিযোদ্ধাদের আক্রমণে পাকিস্তানিদের সাতটি স্পিডবোটই ডুবে গেল

১০। এককথায় প্রকাশ কর : ১ × ৫ = ৫

(ক) যে মাটির পাত্র তৈরি করে

(খ) প্রাণী বিষয়ক গবেষণায় অভিজ্ঞ যিনি

(গ) সিংহের গর্জন

(ঘ) চিরদিনের জন্য যে নিদ্রা

(ঙ) উপকারীর উপকার স্বীকার করে যে

http://teachingbd.com

অথবা, নিচের ক্রিয়াপদগুলোর চলিত রূপ লেখ :

(ক) করিতেছিলাম; (খ) আঁকিব; (গ) ছুটিতেছে; (ঘ) বলিলেন; (ঙ) খাইয়াছিলাম।

১১। প্রদত্ত শব্দগুলোর বিপরীত শব্দ লেখ : ১ × ৫ = ৫

(ক) দাঁড়িয়ে; (খ) খুব; (গ) যন্ত্রণা; (ঘ) পাপ; (ঙ) ঘুমিয়ে।

অথবা, প্রদত্ত শব্দগুলোর সমার্থক শব্দ লেখ :

(ক) কোকিল; (খ) চোখ; (গ) ঘোড়া; (ঘ) খুশি; (ঙ) মন।

১২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :

(ক) কবিতার লাইনগুলো পর পর সাজিয়ে লেখ : ৬

সবার আছে গান
সাগর নদীর ঊর্মিমালার
দোয়েল কোয়েল ময়না কোকিল
মন ভোলানো সুর
মুগ্ধ সবার প্রাণ।
পাখির গানে পাখির সুরে

(খ) কবিতাংশটুকু কোন কবিতার অংশ তা লেখ। ১

(গ) কবিতাটির কবির নাম কী? ১

(ঘ) আমরা স্বাধীনভাবে বাংলায় কথা বলতে পারছি কেন? ভাষার জন্য কে কে শহিদ হন? ২

১৩। মনে কর, তুমি ফারিহা কামাল। ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছ। এখন বিদ্যালয় থেকে শিক্ষাবৃত্তির টাকা উত্তোলনের জন্য নিচের ফরমটি পূরণ কর : ৫

**শিক্ষাবৃত্তির জন্য ফরম** | ছবি

নং-৩১২/১৮ | কার্ড নং-১২১/২০১৬

১। শিক্ষার্থীর নাম :
২। পিতার নাম :
৩। মাতার নাম :
৪। যে বিদ্যালয় থেকে প্রাপ্ত বৃত্তি :
৫। বৃত্তির ধরন : ট্যালেন্টপুল/সাধারণ।
৬। বর্তমান শ্রেণি : শ্রেণি রোল :

আমার উপর্যুক্ত তথ্যগুলো সঠিক বলে স্বীকৃতি দিচ্ছি।

............................ ......................
প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর শিক্ষার্থীর স্বাক্ষর

Teachingbd.com

১৪। মনে কর, তুমি ফরহাদ। বাংলাবাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে পড়। এখন অসহ্য গরমের কারণে সকালে ক্লাস বসানোর আবেদন জানিয়ে প্রধান শিক্ষকের নিকট একখানা দরখাস্ত লেখ। ৫

*অথবা,* মনে কর, তোমার নাম তমা। তোমার বন্ধুর নাম লিজা। এখন তোমার বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়ানুষ্ঠানের বর্ণনা দিয়ে তার কাছে একটি পত্র লেখ।

১৫। নিচের যেকোনো **একটি** বিষয় নিয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ : ১০

(ক) বিজয় দিবস : ভূমিকা – ঐতিহাসিক পটভূমি – তাৎপর্য – উপসংহার।

(খ) বাংলাদেশের মৃৎশিল্প : ভূমিকা – মৃৎশিল্প কী – মৃৎশিল্পের উপকরণ – পোড়ামাটির প্রাচীন শিল্প – উপসংহার।

(গ) আমার প্রিয় খেলা : সূচনা – উৎপত্তি – বিস্তার – মাঠের বর্ণনা – খেলার বর্ণনা – পরিচালক – খেলার নিয়মকানুন – উপকারিতা – উপসংহার।

(ঘ) গাছ লাগান পরিবেশ বাঁচান : সূচনা – সবুজের উৎস – বৃক্ষের অর্থনৈতিক গুরুত্ব – গাছপালা পরিবেশের বন্ধু – আমাদের বনভূমি – বনায়নে সামাজিক সচেতনতা সৃষ্টি – সরকারের ভূমিকা – উপসংহার।

## মডেল টেস্ট - **১৪** এর উত্তরমালা

১। (i) ঘ শব্দদূষণ; (ii) ক ফেরিঅলা; (iii) ঘ ফেরিঅলার হাঁক; (iv) ক সিডি, টিভি; (v) খ গাড়ির হর্ন।

২। (ক) শহরে পাতি কাকের ডাক শোনা যায়।

(খ) যারা রাস্তায় বা বাড়িতে বাড়িতে ঘুরে জিনিসপত্র বিক্রি করেন তারাই ফেরিঅলা। ফেরিঅলা গলিপথে উচ্চ স্বরে হাঁক দিয়ে শব্দদূষণ ঘটান।

(গ) এদেশের শহরে নানারকম যান্ত্রিক শব্দ শোনা যায়।
যান্ত্রিক শব্দের মাত্রাতিরিক্ত দূষণের কারণে শহুরে জীবন জ্বালাময়।

৩। (ক) শব্দের অতিমাত্রায় যে দূষণ; (খ) রাস্তায় বা বাড়িতে বাড়িতে ঘুরে যারা জিনিসপত্র বিক্রি করেন; (গ) গ্রামবাংলা; (ঘ) সমস্যা; (ঙ) ডাকে।

৪। কবিতাংশে বর্ণিত হয়েছে শহরে অতিরিক্ত মাত্রায় শব্দদূষণ সম্পর্কে। শহরে শান্তিতে বসবাস করা মুশকিল। কারণ সেখানে ঝাঁকে ঝাঁকে পাতি কাকের কর্কশ চিৎকার, গাড়ির হর্ন, সিডি, টিভি, টেলিফোন আর কলিং বেলের শব্দ, ফেরিঅলার হাঁকডাক কান ঝালাপালা করে দেয়। কিন্তু গ্রামে শব্দ অনেক কম হওয়ায় শান্তি বজায় থাকে এবং আরামে ঘুমানো যায়।

৫। (i) গ বাঙালির স্বাধীনতা অর্জন; (ii) খ পূর্ব পাকিস্তান; (iii) খ ৭ই মার্চ; (iv) গ কাজকর্ম বন্ধ হয়ে যায়; (v) ক বিনা দোষে অসংখ্য মানুষকে হত্যা।

http://teachingbd.com

৬। (ক) স্থবির; (খ) ১৯৭১; (গ) বাঙালি; (ঘ) বঙ্গাবন্ধু; (ঙ) নির্মম।

৭। (ক) ১৯৭১ সালের ৭ই মার্চ বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান ঢাকার ঐতিহাসিক রেসকোর্স (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) ময়দানে প্রায় ১০ লক্ষাধিক লোকের সামনে এক ঐতিহাসিক ভাষণ দেন। ভাষণে বাঙালি জাতিকে স্বাধীনতার জন্য প্রস্তুত হতে বলেন। তিনি ঘোষণা করেন, 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম। এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।' তাঁর এই ঘোষণার মাধ্যমে বাঙালি জাতি মুক্তিযুদ্ধের জন্য প্রস্তুত হয়েছিল। তাই ৭ই মার্চ আমাদের ইতিহাসে বিখ্যাত একটি দিন।

(খ) যাঁরা দেশের জন্য জীবন দেন তাঁরাই শহিদ।

বাঙালি জাতির সবচেয়ে বড় গর্বের অনুষজ্গ হচ্ছে মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত স্বাধীনতা। মুক্তিযোদ্ধাদের অসীম সাহস ও আত্মত্যাগের কারণেই জাতি পরাধীনতা থেকে মুক্তি পায়। স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়ে অসংখ্য মুক্তিযোদ্ধা অকাতরে জীবন দিয়েছেন। সেজন্য তাঁরা বাঙালি জাতির গর্ব।

(গ) গেরিলা হামলা বলতে বোঝায় গুপ্ত স্থান থেকে আকস্মিক হামলা। সারাদেশের মানুষ বর্বর পাকিস্তানি বাহিনীর বিরুদ্ধে সোচ্চার হয়ে উঠেছিল। প্রশিক্ষণের মাধ্যমে যুদ্ধকৌশল আয়ত্ত করে বাঙালি মুক্তিযুদ্ধ শুরু করে। মুক্তিযোদ্ধারা পাকিস্তানি বাহিনীর ওপর বিভিন্ন কৌশলে গেরিলা আক্রমণ চালায়। এই গেরিলা হামলায়ই তারা পর্যুদস্ত হতে থাকে এবং আত্মসমর্পণ করতে বাধ্য হয়।

৮।

| প্রদত্ত যুক্তবর্ণ | বিভাজন | বাক্য |
|---|---|---|
| (ক) ঞ্জ | ঞ্ + জ | দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ ছিলেন কংগ্রেস নেতা। |
| (খ) স্প | স্ + প | বেলালের স্পর্ধা দেখে বাবা বিস্মিত হলেন। |
| (গ) স্ত | স্ + ত | ঢাকায় অনেক বস্তি দেখা যায়। |
| (ঘ) ন্ত | ন্ + ত | কাজ করতে করতে ক্লান্ত হয়ে গেলাম। |
| (ঙ) র্ব | ´(রেফ) + ব | অসুখ হলে শরীর দুর্বল হয়। |

৯। সাজেশনস ও উত্তরমালার বিরামচিহ্ন অংশের ৬ নং উত্তর দ্রষ্টব্য।

১০। (ক) কুমোর; (খ) প্রাণিবিদ; (গ) নাদ; (ঘ) চিরনিদ্রা; (ঙ) কৃতজ্ঞ।

*অথবা,* (ক) করছিলাম; (খ) আঁকব; (গ) ছুটছে; (ঘ) বললেন; (ঙ) খেয়েছিলাম।

১১। (ক) বসে; (খ) অল্প; (গ) আরাম; (ঘ) পুণ্য; (ঙ) জেগে ।

*অথবা,* (ক) পিক; (খ) নেত্র; (গ) অশ্রু; (ঘ) আনন্দ; (ঙ) হৃদয় ।

http://teachingbd.com